হাই স্কুল সম্পর্কে ধারণা লাভ

পিতামাতাদের জন্য সহায়ক পরামর্শ

২০০৯–২০১০



নিউ ইয়র্ক সিটি
ডিপার্টমেন্ট অব এডুকেশন

জোয়েল আই. ক্লাইন
চ্যান্সেলর



পিতামাতাদের জন্য কিছু কথা

আপনার সন্তানকে হাই স্কুলে প্রথম বর্ষে পথ দেখানো এবং পরবর্তী চার বছর পদ্ধতিগতভাবে সামনের দিকে অগ্রসর হতে সহযোগিতা করতে আপনাকে সহায়তা করার জন্য এই নির্দেশিকা প্রণীত হয়েছে।

প্রতি বছর অধিকাংশ হাই স্কুল তাদের নতুন শিক্ষার্থীদের একটি প্যাকেট দিয়ে থাকে। এই প্যাকেট আপনাকে সন্তানের স্কুল সম্পর্কে আপনার জানা জরুরি এমন গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে। অপরদিকে, সাধারণভাবে আপনার যা জানা প্রয়োজন এবং আপনার সন্তান নবম গ্রেডে অধ্যয়ন শুরু করার পর স্কুল সম্পর্কে কী কী প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য আপনাকে প্রস্তুত থাকতে হবে, এ নির্দেশিকা তার ধারণাও দেয়।

বিভিন্নভাবে এ নির্দেশিকা ব্যবহৃত হতে পারে। এ নির্দেশিকার ব্যবহার নির্ভর করছে সম্প্রতি আপনার কোনো সন্তান হাই স্কুলে পড়ছে কি না এবং সেই হাই স্কুল অভিজ্ঞতার সঙ্গে আপনি নিজে কীভাবে সম্পৃক্ত, তার ওপর।

আপনার জন্য এতে আমরা গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন করেছি এবং আমরা আশা করছি এই নির্দেশিকা আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করতে উৎসাহিত করবে। এই নির্দেশিকায় সব প্রশ্নের উত্তর নেই, তবে এটা আপনার কাছে অনুসন্ধান ও আবিষ্কারের পথ খুলে দেবে।

আমার সন্তানের স্কুলে কে কোন্ পদে আছেন

মনে রাখবেন যে স্কুলভেদে সাংগঠনিক কাঠামো আলাদা হয়ে থাকে।
প্রযোজ্য স্থানে নিচে উল্লিখিত ব্যক্তির নাম ও ঠিকানা লিখে রাখুন।

হাই স্কুলের নাম ______________________________

হাই স্কুলের ঠিকানা ______________________________

হাই স্কুলের মুল অফিসের ফোন নম্বর ______________________________

পদ	*নাম*	*যোগাযোগের তথ্য*
প্রিন্সিপ্যাল		
অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল (পিউপল পার্সোনেল সার্ভিসেস)		
অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল (সংগঠন)		
অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল (নিরাপত্তা)		
অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল (অন্যান্য বিভাগ)		
গাইডেন্স কাউন্সিলর		
উপদেষ্টা শিক্ষক		
কলেজ উপদেষ্টা		
ডিন		
প্যারেন্ট কোঅর্ডিনেটর		
পিএ/পিটিএ প্রেসিডেন্ট		
স্কুল নেতৃত্ব দল সভাপতি(এসএলটি)		
শিক্ষার্থী বিষয়ক কোঅর্ডিনেটর (সিওএসএ)		
অ্যাথলেটিক ডিরেক্টর		

আমার সন্তানের আগ্রহ রয়েছে এমন ক্লাবগুলোর উপদেষ্টা শিক্ষক:

ক্লাব	*উপদেষ্টা*	*যোগাযোগের তথ্য*

আমার সন্তানের আগ্রহ রয়েছে এমন টিমের প্রশিক্ষক:

টিম	*প্রশিক্ষক*	*যোগাযোগের তথ্য*

অতিরিক্ত যোগাযোগ:

পদবি	*নাম*	*যোগাযোগের তথ্য*

হাই স্কুলের অভিজ্ঞতা

প্রতিটি হাই স্কুলই আলাদা, তবে নির্দিষ্ট কিছু অভিন্ন বৈশিষ্ট্য রয়েছে, আপনার সন্তান আগামী চার বছর হাই স্কুলে লেখাপড়া শুরু করার মুহূর্তে যেগুলোর সঙ্গে আপনার পরিচিত হওয়া উচিত। যখন থেকে আপনার সন্তান নবম গ্রেড শুরু করবে তখন থেকে হাই স্কুল ডিপ্লোমা অর্জন করার আগে পর্যন্ত, আপনার সন্তানকে সফল হাই স্কুল অভিজ্ঞতার জন্য প্রস্তুত করতে সহায়তা করার অনেক উপায় রয়েছে।

আপনার সন্তানের প্রতিবেদনপত্র বা ট্রান্সক্রিপ্ট কিভাবে পড়তে হবে, আপনার সন্তানের শিক্ষার সাথে কিভাবে যুক্ত হবেন এবং, আপনার সন্তানের জন্য উত্তীর্ণ হওয়ার জন্য যেসব শত রয়েছে সেগুলো সম্পর্কে এই নির্দেশিকা তথ্য প্রদান করবে।

স্কুলের যাওয়ার জন্য প্রস্তুতি

- শিক্ষার্থীদের অবশ্যই প্রতিটি ক্লাসে কাজ করার জন্য প্রস্তুত হয়ে প্রতিদিন স্কুলে আসতে হবে। প্রতিটি সেমেস্টারের শুরুতে শিক্ষার্থীদের যেসব উপকরণের প্রয়োজন হবে, সে সম্পর্কে শিক্ষক তাদের জানাবেন।

- স্কুলবর্ষের শুরুতে শিক্ষার্থীরা তাদের প্রতিটি ক্লাসের আবশ্যিক বিষয় সম্পর্কে জানতে পারবে। শিক্ষকগণ তাদের নম্বর দেয়ার পদ্ধতি ও হোমওয়ার্কের নিয়ম সম্পর্কে আপনাদের সঙ্গে মতবিনিময় করবেন। এই দুটি নীতির সঙ্গে আপনার নিজের পরিচিত হওয়া উচিত, যাতে আপনার সন্তানের কাছ থেকে কী আশা করা হয় তা পরিষ্কার হয়ে যায়।

- সেপ্টেম্বরে আপনার সন্তান সিটিভিত্তিক আদর্শ শৃঙ্খলা ও অনুশাসন ব্যবস্থার একটি অনুলিপি পাবে। এটি মূলত শৃঙ্খলা বিধি (ডিসিপ্লিন কোড) নামে পরিচিত। আপনি নিম্নলিখিত ওয়েবসাইটে ইংরেজি ও আটটি ভাষায় অনুদিত এই বিধির অনলাইন সংস্করণ পাবেন http://schools.nyc.gov/RulesPolicies/DisciplineCode। এই শৃঙ্খলা বিধি অনুসরণ দায়িত্ব আপনার সন্তানের। শৃঙ্খলা বিধির নিয়ম-কানুন ভঙ্গ করার পরিণতি বিধিতে বর্ণিত রয়েছে। *আপনি যাতে আপনার সন্তানকে ঠিকভাবে পরিচালিত করতে পারেন, সেজন্য* শৃঙ্খলা বিধির *সঙ্গে আপনার পরিচিত হওয়ার প্রয়োজন আছে।*

- ফেডারেল নো চাইল্ড লেফট বিহাইন্ড অ্যাক্ট অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনকে হাই স্কুল শিক্ষার্থীদের নাম, ঠিকানা ও ফোন নম্বর সামরিক বাহিনীর রিক্রুটার এবং এ তথ্যের জন্য অনুরোধকারী উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের কাছে সরবরাহ করতে হয়, যদি না আপনি ‘অপ্ট-আউট’ ফরম পূরণ করে তা ফেরত দেন। স্কুল অপ্ট-আউট ফরম বাড়িতে পিতামাতাদের কাছে পাঠাবে ও স্কুলে শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করবে। *কোনো পিতামাতা বা শিক্ষার্থী যদি শিক্ষার্থীর তথ্য প্রকাশ না করার সঙ্গে একমত পোষণ করে ডিপার্টমেন্ট অব এডুকেশনে অপ্ট-আউট বিজ্ঞপ্তি ফেরত না দেন, তাহলে স্কুল অবশ্যই শিক্ষার্থীর নাম, ঠিকানা ও ফোন নম্বর* সামরিক বাহিনীর রিক্রুটার এবং এ তথ্যের জন্য অনুরোধকারী উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের কাছে *প্রকাশ করবে।*

- ব্লু কার্ড: এই নথির গুরুত্ব বাড়িয়ে বলার কিছুই নেই। প্রত্যেক শিক্ষার্থীই হাই স্কুলে প্রবেশের পর পূরণ করার জন্য একটি নীল জরুরি যোগাযোগ কার্ড পাবে। এই নথি জরুরি পরিস্থিতির জন্য পিতামাতার যোগাযোগের তথ্য এবং আপনার সন্তানের স্কুলের জানা প্রয়োজন এমন মূল্যবান তথ্য সংগ্রহ করে। অনুগ্রহ করে প্রত্যেক স্কুল বর্ষের শুরুতে এবং আপনার পেশা, বাড়ির ঠিকানা, ফোন নম্বরে কোন পরিবর্তন হলে সাথে সাথে তথ্য হালনাগাদ করুন। তথ্য পরিবর্তিত হলে কীভাবে তথ্য হালনাগাদ করতে হবে তা জানার জন্য আপনার সন্তানের স্কুলের সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন।

হোমওয়ার্ক

আপনি প্রত্যাশা করতে পারেন যে আপনার সন্তানকে নিয়মিত ভিত্তিতে নির্দিষ্ট কাজের দায়িত্ব দেয়া হবে। যদিও-বা আপনার সন্তান হাই স্কুলে রয়েছে, তবুও হোমওয়ার্ক ও অধ্যয়নের ব্যাপারে আপনার প্রত্যাশা স্পষ্ট হওয়া প্রয়োজন। আপনার সন্তানকে আপনি কীভাবে সাহায্য করতে পারেন, সে-ব্যাপারে নিচের বিষয়গুলো আপনাকে সহায়তা করবে:

- একটি রুটিন তৈরি করতে আপনার সন্তানকে সহায়তা করুন।
- আপনার সন্তানের হোমওয়ার্ক সম্পর্কিত দায়িত্ব প্রসঙ্গে প্রত্যহ তাকে জিজ্ঞাসা করুন।

- হোমওয়ার্ক যেন সম্পন্ন করা যায়, তার জন্য প্রয়োজনীয় বই ও উপকরণ বাড়িতে আনতে আপনার সন্তানকে মনে করিয়ে দিন।
- হোমওয়ার্ক প্রসঙ্গে কোনকিছু যদি আপনার সন্তানের কাছে অস্পষ্ট থাকে, তাহলে সে যেন প্রশ্ন জিজ্ঞাসা করে সেকথা তাকে গুরুত্বের সাথে বুঝিয়ে বলুন।
- প্রতিদিনকার হোমওয়ার্ক ও দীর্ঘ মেয়াদি প্রকল্প বা রচনার মধ্যে পার্থক্য করুন।
  - দীর্ঘ মেয়াদি প্রকল্প বা রচনার ব্যাপারে আপনার সন্তানের সঙ্গে প্রকল্প কখন সম্পন্ন করতে হবে ও কী সম্পন্ন করতে হবে- সময়সীমা নিয়ে আলোচনা করুন।
  - ঢিলেমি দেবেন না- অগ্রগতির ব্যাপারে নিয়মিত খোঁজ রাখুন।
  - আপনার সন্তানের কাজ সবসময়ই যে তার নিজস্ব কাজ, সে ব্যাপারে জোর দিন। অন্যের লেখা চুরি করা শৃঙ্খলা বিধিতে নিষিদ্ধ করা হয়েছে।
- আপনার সন্তানকে সকল অর্পিত দায়িত্ব যেমন হোমওয়ার্ক, বুক-রিপোর্ট এবং বিজ্ঞানের প্রজেক্ট নির্ধারিত তারিখে সমাপ্ত করার মাধ্যমে প্রতিশ্রুতি ও কঠোর দায়িত্বশীলতা প্রদর্শন করার উপর গুরুত্ব দিন।
- ক্লাসের বা হোমওয়ার্কের ক্ষেত্রে আপনার সন্তানের কোনো সমস্যা হচ্ছে কি না, তা নিরূপণ করুন।

  আপনি যদি মনে করেন ক্লাসওয়ার্ক এবং/অথবা হোমওয়ার্ক নিয়ে আপনার সন্তান সমস্যায় পড়তে পারে, তাহলে স্কুলে প্রাপ্ত যে কোন টিউটরিয়াল সুবিধার ব্যাপারে তাকে তার শিক্ষকের বা তার গাইডেন্স কাউন্সিলরের সাহায্য নিতে উৎসাহিত করুন।

  টিউটরিয়াল বা অতিরিক্ত সহায়তার ব্যাপারে পিতামাতাদের স্কুলভিত্তিক সুযোগগুলো সম্পর্কে শেখা প্রয়োজন। কিছু স্কুলে টিউটরিং সুবিধা রয়েছে। এটি শিক্ষক বা সহপাঠীদের দ্বারা পরিচালিত হতে পারে। কিছু স্কুলে স্কুল দিবসে স্কুল-পরবর্তী বা স্কুল-পূর্ববর্তী টিউটোরিং অধিবেশন রয়েছে। কোনো কোনো স্কুলে কম্যুনিটিভিত্তিক কিছু সংগঠন থাকতে পারে যারা শিক্ষার্থীদের টিউটর পেতে সহায়তা করে থাকে।

- বেশি করে 'শিক্ষার্থীর কৃতিত্ব' সংগ্রহ করার জন্য আপনার হাই স্কুলে পড়ুয়া সন্তানকে উৎসাহিত করুন। এটা তাকে মাধ্যমিক-উত্তর সুযোগের জন্য প্রস্তুত হতে সাহায্য করবে। আবেদনপত্র পূরণের সময়ে এই কৃতিত্বগুলো একটি উপস্থাপনযোগ্য নিদর্শন হতে পারে। আপনার সন্তান যে বিষয়গুলো সংগ্রহে রাখতে পারে তা হলো:
  - প্রাতিষ্ঠানিক প্রতিবেদন ও প্রকল্প; অতীত প্রতিবেদনপত্র
  - কর্মসূচি, গান বা আবৃত্তি, কনসার্ট, শিল্পকলা প্রভৃতির নৈপুণ্য তালিকা।
  - স্বেচ্ছাসেবামূলক কাজ/কম্যুনিটি পরিষেবার নথিপত্র।
  - গ্রীষ্মকালীন প্রাতিষ্ঠানিক কর্মসূচি/ক্যাম্প, ভ্রমণ অভিজ্ঞতা এবং শখ বা বিশেষ আগ্রহের বিষয়।

সময়/ঘণ্টা সূচি

আপনার সন্তান যখন হাই স্কুলে ভর্তি হয় তখন তাকে একটি সময়/ঘণ্টাসূচি দেয়া হয়। ক্লাস শুরু হওয়ার সময় স্কুলভেদে ভিন্ন হয়ে থাকে। একই স্কুলে অধ্যয়নরত শিক্ষাথীরাও বিভিন্ন কারণে ভিন্ন ভিন্ন সময়সূচি অনুসরণ করতে পারে। আপনার স্কুলটি যদি এমন একটি শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাম্পাসের ভেতরে হয় যেখানে বেশ কিছু ছোট স্কুল আছে, সেক্ষেত্রে প্রতিটি স্কুল আরম্ভ হওয়ার ভিন্ন ভিন্ন সময় থাকবে।

সব স্কুলে যে বিষয়টি সমানভাবে গুরুত্ব পায়, তা হল সকালে ছেলেমেয়েরা যেন সময়মত স্কুলে উপস্থিত হয়। সময়ানুবর্তিতা ভালো অভ্যাস গড়ে তোলে। আপনার সন্তান যখন সময়মত স্কুলে উপস্থিত হবে, তখন সে তার ক্লাসের কোন কাজই হারাবে না। মনে রাখবেন, আপনার সন্তান কোন ক্লাসে উপস্থিত হতে ব্যর্থ হলে তা তার গ্রেডকে প্রভাবিত করবে।

স্কুল লাঞ্চ

মনে রাখবেন, স্কুলের লাঞ্চ ফরম পুরণ করা খুবই গুরুত্বপূর্ণ। আপনার সন্তানের হাই স্কুলের অফিসে বা নিম্নলিখিত ওয়েবসাইটে আপনি এ ফরম পেতে পারেন:

www.opt-osfns.org/osfns/meals/form_reduced_eng.aspx



প্রত্যেক হাইস্কুল শিক্ষার্থীই লাঞ্চের সময় পায়– স্কুল-ভেদে সময় ও স্থান ভিন্ন হতে পারে। লাঞ্চের সময়, বা আপনার সন্তানের স্কুলের কার্যপদ্ধতি এবং প্রক্রিয়া সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে বিস্তারিত তথ্যের জন্য স্কুলের সাথে সরাসরি যোগাযোগ করুন।

আপনার সন্তানের হাইস্কুলে কি ধরনের খাদ্য পরিবেশন করা হয় সে সম্পর্কে আপনি জানতে আগ্রহী হলে লাঞ্চ মেন্যুর জন্য নিম্নলিখিত ঠিকানায় স্কুল খাদ্য অফিসের ওয়েবসাইট পরিদর্শন করুন http://www.opt-osfns.org/osfns। আপনি আপনার সন্তানের হাই স্কুল অফিস থেকেও মেন্যুটি পেতে পারেন।

শিক্ষার্থী জীবন

শিক্ষার্থীদের কেবল তাদের পাঠ্য বিষয়ে অগ্রগতি নিয়ে মনোযোগী হলেই চলবে না। তাদেরকে শিক্ষার্থী-জীবনের সঙ্গে সম্পৃক্ত হতে হবে। অধিকাংশ হাই স্কুল আপনার সন্তানের আগ্রহ ও দক্ষতা বৃদ্ধির জন্য পাঠ্যপুস্তকের বাইরেও বিভিন্ন কর্মকাণ্ডের আয়োজন করে থাকে। প্রতিটি হাই স্কুলের ভিন্ন ভিন্ন কর্মকাণ্ড রয়েছে, আপনার সন্তানের জন্য কী কী সুযোগ রয়েছে তা জানা গুরুত্বপূর্ণ।

পাঠক্রম বর্হিভুত ও সহপাঠ্য কার্যক্রম একই বিষয়ে আগ্রহী অন্যান্য শিক্ষার্থীদের সাথে মিলিত হওয়ার এবং আগ্রহের কোন বিষয়ে ক্লাসের পড়ার বাইরে বা ক্লাসের পড়ার অতিরিক্ত হিসেবে নতুন কিছু জানার এক অনন্য উপায়। শিক্ষার্থীরা যেসব কার্যক্রমে অংশ নিতে পারে তার মধ্যে রয়েছে নেতৃত্ব বিকাশ, হবি (শখ) ক্লাব, স্কুল প্রকাশনা, জাতিগত/সাংস্কৃতিক কার্যক্রম, দৃষ্টি নির্ভর শিল্প কলা/অনুষ্ঠান শিল্পের কার্যক্রম এবং স্কুল ক্রীড়া। কিছু হাই স্কুলে পাবলিক স্কুল অ্যাথলেটিক ক্রীড়া দল (পিএসএএল) রয়েছে। এগুলো বালক, বালিকা এবং উভয়কে নিয়ে গঠিত ক্রীড়া দল যারা বরো ও শহরভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। দলগুলো হয় ভার্সিটি বা জুনিয়র ভার্সিটি (জেভি)। পিএসএএল ক্রীড়া সম্পর্কিত আরো তথ্যের জন্য অনুগ্রহ করে: www.psal.org-এই ওয়েবসাইট দেখুন। যেসব শিক্ষার্থী কলেজেও ক্রীড়াবিদ হিশেবে তার কর্মকাণ্ড অব্যাহত রাখতে চায়, তাদের ন্যাশনাল কলেজিয়েট অ্যাথলেটিক অ্যাসোসিয়েশনের (এনসিএএ) নীতিমালা সম্পর্কে ধারণা থাকতে হবে (www.ncaa.org)।

প্রতিবেদনপত্র

- প্রতিটি স্কুলের নির্দিষ্ট সংখ্যক নম্বর পর্ব-বিশিষ্ট প্রতিবেদনপর্বের চক্র রয়েছে। প্রত্যেক নম্বর প্রতিবেদনপর্ব শেষে প্রতিটি শিক্ষার্থীকে এ প্রতিবেদনপত্র প্রদান করা হয়। কখন প্রতিবেদনপত্র পাওয়া যেতে পারে তা সঠিকভাবে জানার জন্য আপনার সন্তানের স্কুল ক্যালেন্ডার চেয়ে নিন।
- এ প্রতিবেদনপত্রে শিক্ষার্থীদের ক্লাসে অগ্রগতির তথ্য, কোন্ সেমেস্টারে প্রত্যেক নম্বর প্রতিবেদনপর্বে তাদের প্রাপ্ত ফল এবং চূড়ান্ত ও রিজেন্ট পরীক্ষার ফলসহ শিক্ষকের মন্তব্য থাকতে পারে। আপনি আপনার স্কুলের গ্রেডিং নীতির কপি চেয়ে নিতে পারেন।
- পিতামাতাদের মনে রাখতে হবে যে, প্রতিবেদনপত্রে শিক্ষার্থীর ল্যাবোরেটরি ও ক্লাসের কাজের ফল উল্লিখিত থাকবে। রিজেন্টস পরীক্ষায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে প্রায়োগিক ক্লাসের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- প্রতিবেদনপত্রে প্রতিটি প্রতিবেদনপর্বে শিক্ষার্থী কতদিন অনুপস্থিত ছিল বা বিলম্ব করেছিল, তার উল্লেখ থাকে। একই সঙ্গে কোনও নির্দিষ্ট ক্লাসে তার অনুপস্থিতির হারও উল্লেখ করা হয় এ প্রতিবেদনপত্রে। আপনার সন্তান কোনও নির্দিষ্ট বিষয়ের ক্লাসে কতদিন উপস্থিত বা অনুপস্থিত থাকল সে সম্পর্কে ধারণা রাখা জরুরি।
- স্কুলের বিধিমালা এবং প্রতিবেদনপত্র তৈরির নিয়মকানুন সম্পর্কে জানতে আপনার উচিত সন্তানের গাইডেন্স কাউন্সিলরের সঙ্গে যোগাযোগ করা।



Page 1 of 1

NYC Department Of Education
Sample Student Report Card
HIGH SCHOOL NAME

Date
Time

Official
Grade Level:
Current Status:
ID:
Name:

Daily Attendance	MP 1	MP 2	MP 3	Total
Absent				
Late				

MP Requested / # of MP:
Mid/Final MP:
SchoolDbn: Year: Term:
Counselor:

Course Code	Section Id	Title	Teacher	MP 1		MP 2		MP 3		Final Grade	Exam Grade	Comments
				Grade | Absence Performance | Conduct								

Simple or Weighted Average:

Exams Taken	
Exam	Score

Message Area

Report Card translations, contact parent coordinator

للحصول على نسخة مترجمة باللغة العربية لهذه الوثيقة، نرجو منكم الاتصال بمنسق شؤون الآباء التابع لكم
বাংলায় এই নির্দেশিকার কপি সংগ্রহে অনুগ্রহ করে আপনার প্যারেন্টকোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।
要獲得本文件的中文譯本，請與您子女學校的家長專員聯絡。
Pou w jwenn dokiman sa a tradwi an kreyòl ayisyen, kontakte Koòdonatè paran ki nan lekòl pitit ou a.
한국어로 번역된 자료를 원하시면 자녀가 재학 중인 학교의 학부모 코디네이터에게 연락해 주십시오.
Для получения русской версии данного документа свяжитесь с координатором по работе с родителями.
Para obtener una versión en español de este documento por favor comuníquese con su coordinador de padres.
اس دستاویز کی اردو میں ترجمہ شدہ اشاعت کیلئے براہ کرم اپنے والدین ربط دہندہ سے رجوع کریں۔

Explanation Of Grades

65-100	Passing
10-64	Failing
9	Medically Excused from Required Physical
7	Education;Credit Granted
1	Medically Excused Absence; No Credit Given
	New Admission;No Credit Given;

--- Performance ---	--- Conduct ---	
1 - Below Standard	E	Excellent
2 - Approaching Standard	S	Satisfactory
3 - Meets Standard	N	Needs Improvement
4 - Exceeds Standard	U	Unsatisfactory

* Not Averaged ** Weighted Course

Sort By: Student Name

প্রতিবেদনপত্র বিশ্লেষণ

জীবনবৃত্তান্তমূলক তথ্য:

নিবন্ধিত ক্লাস:	শিক্ষার্থীর আনুষ্ঠানিক ক্লাস কোড
গ্রেড লেভেল:	শিক্ষার্থীর বর্তমান গ্রেড
বর্তমান অবস্থান:	এ= সক্রিয়; ডি= অব্যাহতিপ্রাপ্ত
নাম:	শিক্ষার্থীর নাম
আইডি:	শিক্ষার্থীর ৯ সংখ্যার পরিচিতি নম্বর, ওসিস নম্বর হিশেবে পরিচিত

উপস্থিতির তথ্য:

অনুপস্থিত:	প্রতিবেদনপর্বে অনুপস্থিতির সংখ্যা
দেরিতে উপস্থিত:	প্রতিবেদনপর্বে দেরিতে উপস্থিতির সংখ্যা
এমপি:	প্রতিবেদনপর্ব ১, ২ অথবা ৩
মোট:	প্রতি পর্বে শিক্ষার্থীর মোট অনুপস্থিতির বা দেরিতে উপস্থিতির সংখ্যা

গ্রেড তথ্য:

কোর্স কোড:	কোর্সের সংকেত
সেকশন আইডি:	ওই কোর্সে শিক্ষার্থীর সেকশন নম্বর
শিরোনাম:	কোর্সের নাম
শিক্ষক:	ওই কোর্সের শিক্ষকের নাম
এমপি:	প্রতিবেদনপর্ব ১, ২ বা ৩
গ্রেড:	ওই প্রতিবেদনপর্বে কোর্সের গ্রেড
অনুপস্থিত:	ওই প্রতিবেদনপর্বে ওই কোর্সে অনুপস্থিতির সংখ্যা
চূড়ান্ত গ্রেড:	ওই কোর্সে নির্দিষ্ট পর্বের জন্য চূড়ান্ত গ্রেড
পরীক্ষার গ্রেড:	ওই কোর্সে নির্দিষ্ট পর্বের জন্য পরীক্ষার গ্রেড (যদি নেয়া হয়ে থাকে)
মন্তব্য:	শিক্ষার্থীর কার্যসম্পাদনা সম্পর্কে শিক্ষকের মন্তব্য
সাধারণ গড়:	সংখ্যায় গ্রেডের গড় নম্বর
তৌল গড়:	সার্বিক গড় হিসাব করার সময় পূর্বে চিহ্নিত যেসব কোর্সে অতিরিক্ত পয়েন্ট, বা মান যোগ করা হয়। (যেমন উচ্চতর কোর্স)

গৃহীত পরীক্ষাসমূহ:

পরীক্ষা:	পরীক্ষার বিষয়
শিরোনাম:	পরীক্ষার নাম
স্কোর:	পরীক্ষার স্কোর

বার্তাপ্রদানের অংশ:

এই অংশ লিখিত মন্তব্যের জন্য ব্যবহৃত হয়।

রিপোর্ট কার্ডের অনুবাদ:

এই অংশ পিতামাতাদেরকে রিপোর্ট কার্ডের অনূদিত কপির জন্য তাদের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়।

গ্রেডের বিশ্লেষণ:

অধিকাংশ স্কুল নম্বর দেয়ার জন্য কিছু কিছু পদ্ধতি অনুসরণ করে, এই অংশ তার ব্যাখ্যা দেয়। এছাড়াও এখানে শিক্ষার্থী মূল্যায়নের জন্য ব্যবহৃত অন্যান্য কার্যসম্পাদনা ও আচরণবিধির সংজ্ঞাও রয়েছে।

ট্রান্সক্রিপ্ট

- হাই স্কুলের প্রত্যেক টার্মই গুরুত্বপূর্ণ এবং শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টে উল্লিখিত হয়। ট্রান্সক্রিপ্ট শিক্ষার্থীর স্থায়ী রেকর্ড।
- একটি প্রতিবেদনপত্রে চূড়ান্ত নম্বর, একটি শিক্ষাবর্ষে কোন বিষয়ে সফলভাবে কোর্স সমাপ্ত করার পর অর্জিত সকল ক্রেডিট তালিকাভুক্ত থাকে। প্রতিটি কোর্স চিহ্নিত হয় এবং প্রাপ্ত নম্বরের উল্লেখ থাকে। এছাড়া কোর্সের ধরন, যেমন এটি অনার্স বা উচ্চতর পাঠক্রম কি না– তার উল্লেখ থাকে।
- মনে রাখবেন, শরীরচর্চা শিক্ষা কোর্সের ক্রেডিট হিসাব করা হয় ০.৬০, প্রমিত কোর্সে সাধারণতঃ ক্রেডিট হিসাব করা হয় ১.০০ এবং যে কোর্সে দৈনিক বেশি সময় (পিরিয়ড) ব্যয় হয়, তার ক্রেডিট গণ্য করা হয় ১.০০–এর বেশি।
- ট্রান্সক্রিপ্টের গ্রেডের সঙ্গে মিলিয়ে দেখার জন্য আপনার প্রতিটি প্রতিবেদনপত্র সংরক্ষণ করা উচিত।
- আপনার সন্তানের ট্রান্সক্রিপ্ট পর্যালোচনা করার জন্য সন্তানের গাইডেন্স কাউন্সিলরের সাথে বসুন।

নিচে আপনার সন্তানের ট্রান্সক্রিপ্টের প্রতিটি অংশের ব্যাখ্যা দেয়া হলো। এ পৃষ্ঠার উল্টোদিকে সংযুক্ত একটি নমুনা ট্রান্সক্রিপ্টের রূপরেখার সাথে মিলিয়ে আপনি আপনার সন্তানের ট্রান্সক্রিপ্টের মূল তথ্য পর্যালোচনা করতে পারবেন। মনে রাখবেন, আপনার সন্তানের ট্রান্সক্রিপ্ট সম্পর্কে কোন প্রশ্ন দেখা দিলে সন্তানের গাইডেন্স কাউন্সিলরের সাথে আপনি যোগাযোগ করতে পারেন।

জীবনবৃত্তান্তমূলক তথ্য

নাম/আইডি: শিক্ষার্থীর নাম ও দাপ্তরিক শিক্ষার্থী পরিচিতি নম্বর (ওসিস নম্বর), ডিপার্টমেন্ট অব এডুকেশন কর্তৃক প্রতিটি শিক্ষার্থীর জন্য প্রদত্ত অনন্য পরিচিতি নম্বর
ঠিকানা: শিক্ষার্থীর ঠিকানা
ফোন নম্বর: শিক্ষার্থীর ফোন নম্বর
ওএফসিএল: নিবন্ধিত শ্রেণিকক্ষ
গ্রেড লেভেল: শিক্ষার্থীর বর্তমান গ্রেড লেভেল
অবস্থান: এ=সক্রিয়; ডি= অব্যাহতিপ্রাপ্ত
ভর্তির তারিখ: বর্তমান হাই স্কুলে ভর্তির তারিখ

অব্যাহতির তারিখ: বর্তমান হাই স্কুল থেকে কবে অব্যাহতি দেয়া হয়েছে (প্রযোজ্য হলে)
ডি.ও.বি.: শিক্ষার্থীর জন্মতারিখ
লিঙ্গ: শিক্ষার্থীর লিঙ্গপরিচয়
উত্তীর্ণ হওয়ার তারিখ: উত্তীর্ণ হওয়ার তারিখ (প্রযোজ্য হলে)
মর্যাদা: কিছু স্কুল তাদের শিক্ষার্থীদের মর্যাদা–ক্রমে বিন্যস্ত করে এবং আপনার সন্তানের স্কুল তা করে থাকলে সে তথ্য এখানে দেয়া হবে
কাউন্সিলর: গাইডেন্স কাউন্সিলরের শেষ নাম

গ্রেডের তথ্য

২০০৬/টার্ম: স্কুলবর্ষ (বর্ষপঞ্জির সেপ্টেম্বরে শুরু)/ পর্ব নম্বর (১= শরৎ বা ২= বসন্ত, ৭= গ্রীষ্ম, অনুগ্রহ করে আরো খেয়াল করবেন যে, কোন কোন শিক্ষার্থীর বেলায় ৫ বা ৬ পর্ব তালিকাভুক্ত আছে যার অর্থ হলো তারা নিয়মিত স্কুল দিবসের বাইরে স্কুল ছুটি পরবর্তী/সান্ধ্য স্কুলে ক্রেডিট লাভ করেছে/ ক্রেডিটলাভের চেষ্টা করেছে)
ডিবিএন (স্কুল কোড): স্কুল কোড ডিবিএন নামে পরিচিত (যেমন 21K999) যার দ্বারা বুঝানো হয় D (ডি)–তে ডিস্ট্রিক্ট, B (বি)–তে বরো, N (এন)–তে স্কুল নম্বর। বরো কোড নিচের মত: X (ব্রঙ্কস). M (ম্যানহাটান), Q (কুইনস), K (ব্রুকলিন), R (স্ট্যাটেন আইল্যান্ড)
কোর্স কোড: কোর্স চিহ্নিত করার কোড
কোর্সের নাম: যেমন: সাক্ষরতা, ইংরেজি ৬ বা কখনো সংক্ষিপ্ত নাম
প্রকৃত নম্বর: কোর্সে অর্জিত প্রকৃত নম্বর
সংখ্যাগত সমমান: সংখ্যাগত গ্রেডের সমমান (যদি থাকে)

পর্ব: প্রকৃত ক্রেডিট/অর্জিত ক্রেডিট: প্রাপ্ত ক্রেডিট সংখ্যা (প্রতিটি কোর্সের জন্য এটি ট্রান্সক্রিপ্টে তালিকাভুক্ত) : একটি কোর্সের মোট ক্রেডিট সংখ্যা/ কোর্সে অর্জিত মোট ক্রেডিট সংখ্যা– যেমন, ১.০০/১.০০–এর অর্থ হলো পুরো ক্রেডিট অর্জিত হয়েছে এবং ১.০০/০.০০ এর অর্থ হলো কোন ক্রেডিট অর্জিত হয়নি– এ হিসাব প্রতিটি কোর্সে তালিকাভুক্ত হয়েছে এবং সব শেষে সকল কোর্সের গড় হিশেবে "ক্রমপুঞ্জিত: প্রকৃত ক্রেডিট/অর্জিত ক্রেডিট" হিশেবে নিচে তালিকাভুক্ত হয়েছে
পর্বের গড়: পর্বের জন্য প্রাপ্ত নম্বরের গড়
পর্ব: প্রকৃত ক্রেডিট/অর্জিত ক্রেডিট: যতোগুলো ক্রেডিটের উদ্যোগ নেয়া হয়েছিলো (অর্জিত বা অর্জিত না হওয়া সকল ক্রেডিটের সমষ্ঠি)
পর্বের গড় নির্ণীত ক্রেডিট: নির্দিষ্ট পর্বে গৃহীত কোর্সে প্রাপ্ত সংখ্যাগত মান–এর গড়

পরীক্ষার সংক্ষিপ্ত বিবরণ

বর্ষ: পরীক্ষা গ্রহণের বছর
পর্ব: কোন পর্বের গৃহীত পরীক্ষা (১ বা ২)
কোড: পরীক্ষা কোড
পরীক্ষা: পরীক্ষার নাম
গ্রেড: পরীক্ষায় অর্জিত নম্বর

ক্রমপুঞ্জিত সংক্ষিপ্ত বিবরণ

ক্রমপুঞ্জিত: প্রকৃত ক্রেডিট/ অর্জিত ক্রেডিট: প্রাপ্ত ক্রেডিটের সংখ্যা/ উত্তীর্ণ হওয়া কোর্সে প্রাপ্ত ক্রেডিট
ক্রমপুঞ্জিত গড়: পরীক্ষা দেয়া সকল কোর্সের গড়
ক্রমপুঞ্জিত ক্রেডিটের গড়: প্রাপ্ত পয়েন্টের সংখ্যা

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন

শিক্ষার্থী ট্রান্সক্রিপ্ট

হাই স্কুলের নাম

নাম/আইডি:
ঠিকানা:

লিঙ্গ: নিবন্ধিত শ্রেণিকক্ষ: গ্রেড: অবস্থান:
ভর্তির তারিখ: অব্যাহতির তারিখ:
জন্ম-তারিখ: উত্তীর্ণ তারিখ:
অবস্থান: কাউন্সিলর:

মন্তব্য

২০০৭ / পর্ব: ৭ প্রকৃত নম্বর সাংখ্যিক সমমান

ডি.বি.এন. কোর্স কোড কোর্সের নাম

পর্বের গড়: পর্ব: প্রকৃত ক্রেডিট/অর্জিত ক্রেডিট:
পর্বের গড়নির্ণীত ক্রেডিট:

২০০৭ / পর্ব: ২ প্রকৃত নম্বর সাংখ্যিক সমমান

ডি.বি.এন. কোর্স কোড কোর্সের নাম

পর্বের গড়: পর্ব : প্রকৃত ক্রেডিট/অর্জিত ক্রেডিট:
পর্বের গড়নির্ণীত ক্রেডিট:

২০০৭ / পর্ব: ১ প্রকৃত নম্বর সাংখ্যিক সমমান

ডি.বি.এন. কোর্স কোড কোর্সের নাম

পর্বের গড়: পর্ব: প্রকৃত ক্রেডিট/অর্জিত ক্রেডিট:
পর্বের গড়নির্ণীত ক্রেডিট:

২০০৬ / পর্ব: ২ প্রকৃত নম্বর সাংখ্যিক সমমান

ডি.বি.এন. কোর্স কোড কোর্সের নাম

পর্বের গড়: পর্ব : প্রকৃত ক্রেডিট/অর্জিত ক্রেডিট:
পর্বের গড়নির্ণীত ক্রেডিট:

২০০৬ / পর্ব: ১ প্রকৃত নম্বর সাংখ্যিক সমমান

ডি.বি.এন. কোর্স কোড কোর্সের নাম

পর্বের গড়: পর্ব : প্রকৃত ক্রেডিট/অর্জিত ক্রেডিট:
পর্বের গড়নির্ণীত ক্রেডিট:

পরীক্ষার সংক্ষিপ্ত বিবরণ

২০০৭	পর্ব ২
২০০৭	পর্ব ১
২০০৬	পর্ব ২
২০০৬	পর্ব ১

ক্রমপুঞ্জিত: প্রকৃত ক্রেডিট/অর্জিত ক্রেডিট

ক্রমপুঞ্জিত গড় ক্রমপুঞ্জিত গড় নির্ণীত ক্রেডিট:

* গড় নির্ণীত হয়নি ** যে কোর্সের গুরুত্ব বেশি

অনুমোদন: ____________________ তারিখ: ____________

পৃষ্ঠা ১-এর ১

গ্র্যাজুয়েশনের শর্ত

হাই স্কুলের সকল শিক্ষার্থীকে নিউ ইয়র্ক স্টেটের গ্র্যাজুয়েশনের শর্ত পূরণ করতে হয়। এর মধ্যে রয়েছে বাধ্যতামূলক কোর্সসমূহ থেকে অর্চিত ৪৪ ক্রেডিট রিজেন্ট পরীক্ষা নামে পরিচিত স্টেটের পরীক্ষাগুলোয় উত্তীর্ণ হওয়া।

গ্র্যাজুয়েশনের শর্ত

২০০৮ এবং ২০০৯

সাধারণ শিক্ষার শিক্ষার্থী

২০০৮ সালের সেপ্টেম্বরে এবং ২০০৯ সালের সেপ্টেম্বরে ৯ম গ্রেডে প্রবেশ করা শিক্ষার্থী

	রিজেন্টস ডিপ্লোমা	উচ্চতর রিজেন্টস ডিপ্লোমা
ক্রেডিটের শর্ত	ক্রেডিট সংখ্যা	ক্রেডিট সংখ্যা
ইংরেজি	৮	৮
সমাজপাঠ	৮	৮
বিশ্ব ইতিহাস	৪	৪
আমেরিকান ইতিহাস	২	২
অর্থনীতি	১	১
সরকারে অংশগ্রহণ	১	১
বিজ্ঞান (ল্যাবসহ)	৬	৬
লাইফ সায়েন্স	২	২
ফিজিক্যাল সায়েন্স	২	২
লাইফ সায়েন্স অথবা ফিজিক্যাল সায়েন্স	২	২
গণিত	৬	৬
দৃশ্যকলা, সঙ্গীত, নাচ এবং/অথবা থিয়েটার¹	২	২ˆ
দ্বিতীয় ভাষা	২	৬*
স্বাস্থ্য ও শরীরচর্চা শিক্ষা	৫	৫
শরীরচর্চা শিক্ষা	৪	৪
স্বাস্থ্য শিক্ষা	১	১
ঐচ্ছিক বিষয়	৭	৩
মোট	৪৪	৪৪

¹২০০৭ সাল থেকে শিক্ষার্থীদের বাধ্যতামূলকভাবে শিল্পকলায় (দৃশ্যকলা, সঙ্গীত, নাচ, এবং/অথবা থিয়েটার) দুই ক্রেডিট অর্জন করতে হবে।

ˆশিল্পকলায় উচ্চতর রিজেন্টস ডিপ্লোমা লাভে আগ্রহী শিক্ষার্থীদের কোন একটি শিল্পমাধ্যমে (নাচ, সঙ্গীত, থিয়েটার অথবা দৃশ্যকলা) অবশ্যই ১০ ক্রেডিট সম্পন্ন করতে এবং প্রাসঙ্গিক আর্টস্ এক্সিট পরীক্ষায় পাস করতে হবে।

	রিজেন্টস ডিপ্লোমা**	উচ্চতর রিজেন্টস ডিপ্লোমা	
রিজেন্টস পরীক্ষার শর্ত	স্কোর	স্কোর***	
কম্প্রিহেনসিভ ইংরেজি	৬৫ বা বেশি	৬৫ বা বেশি	
গণিত	১ পরীক্ষা	২ পরীক্ষা বা	৩ পরীক্ষা
ইন্টিগ্রেটেড অ্যালজেব্রা ১	৬৫ বা বেশি অথবা		৬৫ বা বেশি *** বা
ম্যাথ 'এ'	৬৫ বা বেশি অথবা	৬৫ বা বেশি *** এবং	৬৫ বা বেশি *** এবং
ম্যাথ 'বি'	৬৫ বা বেশি অথবা	৬৫ বা বেশি *** অথবা	
জ্যামিতি	৬৫ বা বেশি অথবা		৬৫ বা বেশি *** এবং
অ্যালজেব্রা ২/ট্রিগোনোমেট্রি	৬৫ বা বেশি	৬৫ বা বেশি ***	৬৫ বা বেশি ***
গ্লোবাল হিস্ট্রি ও জিওগ্রাফি	৬৫ বা বেশি	৬৫ বা বেশি	
যুক্তরাষ্ট্রের ইতিহাস ও সরকার	৬৫ বা বেশি	৬৫ বা বেশি	
বিজ্ঞান	৬৫ বা বেশি (যেকোন বিজ্ঞান)	৬৫ বা বেশি (১ লাইফ সায়েন্স)	
বিজ্ঞান		৬৫ বা বেশি (১ ফিজিক্যাল সায়েন্স)	
ইংরেজি ব্যতীত অন্য ভাষা		৬৫ বা বেশি*	

*শিল্পকলা অথবা সিটিইতে ১০ ক্রেডিট-বিশিষ্ট ক্রম সম্পন্নকারী শিক্ষার্থীদের দ্বিতীয় ভাষায় মাত্র ২ ক্রেডিট অর্জন করতে হবে এবং উচ্চতর রিজেন্টস্ ডিপ্লোমা অর্জনে ইংরেজি ব্যতীত অপর কোন ভাষায় রিজেন্টস পরীক্ষা দিতে হবে না। তবে তাদেরকে মোট ক্রেডিট সংখ্যা (৪৪) ঠিকই পূরণ করতে হবে।

**২০০৮ সালে ৯ম গ্রেডে উত্তীর্ণ হওয়ার সময় থেকে সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের জন্য স্থানীয় ডিপ্লোমা লাভের সুযোগ আর থাকবে না। শিক্ষার্থীদের রিজেন্টস্ অথবা উচ্চতর রিজেন্টস্ ডিপ্লোমা লাভের জন্য সকল আবশ্যিক রিজেন্টস্ পরীক্ষায় ৬৫ বা বেশি নম্বর পেতে হবে।

***উচ্চতর রিজেন্টস্ ডিপ্লোমা:
২ পরীক্ষা: ম্যাথ এ এবং হয় — ম্যাথ 'বি' অথবা অ্যালজেব্রা২/ট্রিগ
৩ পরীক্ষা: হয় — ইন্টিগ্রেটেড অ্যালজেব্রা অথবা ম্যাথ 'এ' এবং জ্যামিতি অ্যালজেব্রা ২/ট্রিগ

ম্যাথেম্যাটিক্স রিজেন্টস পরীক্ষা বাস্তবায়ন/উত্তরনের সময়রেখা
ম্যাথেম্যাটিক্স 'এ' বিষয়ে রিজেন্টস পরীক্ষাগ্রহণের শেষ তারিখ জানুয়ারি ২০০৯
ম্যাথেম্যাটিক্স 'বি' বিষয়ে রিজেন্টস পরীক্ষাগ্রহণের শেষ তারিখ জুন ২০১০

ইন্টিগ্রেটেড অ্যালজেব্রা বিষয়ে রিজেন্টস পরীক্ষাগ্রহণের প্রথম তারিখ জুন ২০০৮
জ্যামিতি বিষয়ে রিজেন্টস পরীক্ষাগ্রহণের প্রথম তারিখ জুন ২০০৯
অ্যালজেব্রা ২ ও ট্রিগোনোমেট্রি বিষয়ে রিজেন্টস পরীক্ষাগ্রহণের প্রথম তারিখ জুন ২০১০

উচ্চতর রিজেন্ট ডিপ্লোমা অর্জনে একজন শিক্ষার্থীকে ইংরেজি ছাড়া অন্য ভাষায় অবশ্যই ছয় ক্রেডিট অর্জন করতে হবে। এটি ঐচ্ছিক ক্রেডিটের সংখ্যা হ্রাস করে তিন–এ নিয়ে আসে। যেসব শিক্ষার্থী শিল্পকলায় বা বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষায় অনুমোদিত ১০ ক্রেডিট ক্রম অর্জন করেছে, তাদের উচ্চতর পর্যায়ে রিজেন্ট ডিপ্লোমা পেতে হলে দ্বিতীয় একটি ভাষায় দুই ক্রেডিট সমাপ্ত করতে হবে এবং ইংরেজি ছাড়া অন্য কোনো ভাষায় রিজেন্টস্ পরীক্ষা দেয়ার প্রয়োজন হয় না। তবে শিক্ষার্থীদের অবশ্যই সর্বমোট ৪৪ ক্রেডিট অর্জনের শর্ত পূরণ করতে হয়। *আপনার উচিত আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলরের সঙ্গে আপনার সন্তানের অব্যাহত ক্রেডিট ও ডিপ্লোমা অর্জন সম্পর্কে আলোচনা করা।*

আইন বলে যে, বিশেষ শিক্ষা পরিষেবা গ্রহণকারী অধিকাংশ শিক্ষার্থীদের নিয়মিত হাই স্কুল ডিপ্লোমা অর্জন করার জন্য প্রস্তুত হওয়া উচিত। কিছু শিক্ষার্থীর জন্য আই.ই.পি. ডিপ্লোমার বিকল্প পাওয়া যাবে। আই.ই.পি. ডিপ্লোমা প্রত্যয়ন করে যে একজন শিক্ষার্থী স্কুলে অধ্যয়ন করেছে ও আই.ই.পি. লক্ষ্যসমূহ সম্পন্ন করেছে। আপনার সন্তানের ডিপ্লোমা অর্জনের ক্ষেত্রে তার বিশেষ শিক্ষাগত চাহিদা নিয়ে আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলরের সঙ্গে আপনার আলোচনা করা উচিত।

পিতামাতা সংশ্লিষ্টতা

আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলরের সাথে বৈঠক করা ছাড়াও আরও বহু উপায়ে আপনি সন্তানের স্কুলে সংশ্লিষ্ট হতে পারেন:

- শরৎ ও বসন্তে প্যারেন্ট টিচার কনফারেন্স অনুষ্ঠিত হয় যেখানে আপনি শিক্ষকদের কাছ থেকে আপনার সন্তানের হাই স্কুল অভিজ্ঞতা সম্পর্কে অনেককিছু জানার সুযোগ পাবেন। বৈঠকগুলো একটি বিকালে এবং অপরটি সন্ধ্যায় আয়োজিত হয়। সাধারণত রিপোর্ট কার্ড দেয়ার সময়ে এগুলো আয়োজিত হয়ে থাকে।
- আপনি প্যারেন্ট অ্যাসোসিয়েশন/প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন (পিএ/পিটিএ) বা স্কুল লিডারশিপ টিমেও (এসএলটি) সংশ্লিষ্ট হতে পারেন।

পিতামাতাদের সংগঠনগুলোতে আপনার সংশ্লিষ্ট হওয়ার আরও উপায় রয়েছে। আপনি কীভাবে সংশ্লিষ্ট হতে পারেন সেকথা জানতে আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরে কথা বলুন, ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিসের সাথে যোগাযোগ করুন অথবা 311 নম্বরে ফোন করুন।

NYC Department of Education

Joel I. Klein
Chancellor

T&I 12820 (Bengali)